

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা

প্রেস রিলিজ
তারিখ: ৩১-০৩-২০১৯ খ্রি:

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নিকট দায়েরকৃত মামলা নং ২/২০১৮ এর আদেশ সংক্রান্ত তথ্য।


অভিযোগকারী: প্যাসিফিক ইন্টারন্যাশনাল, বাণিজ্য কিরণ (২য় তলা), ১৩৯৬/২, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।
প্রতিপক্ষ: চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরোয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন, সি এন্ড এফ টাওয়ার (১২ তম তলা),
১৭১২, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নিকট দায়েরকৃত মামলা নং ২/২০১৮ এর আদেশ প্রতিযোগিতা আইন, ২০১২ এর ২০ ধারা মোতাবেক প্রয়োজনীয় নির্দেশনাসহ অভিযোগটি নিষ্পত্তি করে কমিশন নিম্নরূপ আদেশ প্রদান করেন।

“ চিটাগাং সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন কর্তৃক ১২-০৫-২০১০ তারিখের ৩১/২০১০ নং প্রচার পত্রে জারীকৃত টেন্ডারে অংশগ্রহণকারী সকল সি এন্ড এফ এজেন্টদের জন্য অবশ্য পালনীয় সাধারণ নিয়মাবলী এর- ১ (এক), ৬ (ছয়), ৮ (আট), ১১ (এগার), ১৩ (তের) নং অনুচ্ছেদ প্রতিযোগিতা আইনের ১৫(১) ধারার লংঘন বিধায় বাতিল করা হল এবং পুনরায় এ প্রকার প্রতিযোগিতা বিরোধী নিয়মাবলী সি এন্ড এফ সদস্যদের প্রতি আরোপ করা হতে প্রতিপক্ষকে বারিত করা হল।

চট্টগ্রাম সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন এর নিবন্ধনকৃত গঠনতন্ত্রের অনুচ্ছেদ ৩(১৭) সুস্পষ্টভাবে প্রতিযোগিতা আইনের ১৫(২) (খ) ধারার লংঘন বিধায় গঠনতন্ত্রের উক্ত ধারাটি বাতিল করতঃ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে প্রতিপক্ষকে নির্দেশ প্রদান করা হলো। গঠনতন্ত্র সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সংশোধনক্রমে অত্র আদেশ প্রদানের ৯০ (নব্বই) কার্যদিবসের মধ্যে বিষয়টি কমিশনকে অবহিত করতে প্রতিপক্ষকে নির্দেশ প্রদান করা হল”।

বিস্তারিত আদেশের কপি কমিশনের ওয়েবসাইট (www.ccb.gov.bd) এ পাওয়া যাবে।



রশিদ আহমদ
সচিব (যুগ্ম-সচিব)

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা।